



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd




প্রেস-রিলিজ

তারিখ : ০৭/০৮/২০১৯খ্রি:

**“বঙ্গবন্ধু একজন ব্যক্তি নয়, বঙ্গবন্ধু একটি আদর্শের নাম
যতদিন বাংলাদেশ থাকবে ততদিন তাঁর এই আদর্শ ও চেতনা বেঁচে থাকবে”
-সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ**

বঙ্গবন্ধু একজন ব্যক্তি নয়, বঙ্গবন্ধু একটি আদর্শের নাম। যতদিন বাংলাদেশ থাকবে ততদিন তাঁর এই আদর্শ ও চেতনা বেঁচে থাকবে। তিনি ছিলেন একজন ক্যারিশম্যাটিক নেতা। বঙ্গবন্ধু তাঁর একটি ভাষনের মাধ্যমে ৭ কোটি বাঙালীকে একত্রিত করেছেন। স্বাধীনতার ঘোষণা তো সেদিনের সেই ভাষনের মাধ্যমেই হয়েছে। তাই আজকে এতদিন পরে বঙ্গবন্ধুর সেই ঐতিহাসিক ভাষন আর্ন্তজাতিক ভাবে স্বীকৃতি পেয়েছে। বঙ্গবন্ধু বেঁচে থাকলে অনেক আগেই এ দেশ উন্নত হয়ে যেত, বঙ্গবন্ধু সমাজকে পরিবর্তন করতে চেয়েছিলেন। তাঁরই দেখানো পথে দেশকে উন্নয়নের রোল মডেলে রূপান্তরিত করছেন মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা। আর এই উন্নয়নের গतिकে তরাহিত করতে তিনি তারুন্যকে প্রাধান্য দিচ্ছেন, কেননা তারুনরাই আগামী দিনের ভবিষ্যত। তারুনরাই পারবে একটা জাতি, একটা সমাজকে পরিবর্তন করতে। আমরা যারা বঙ্গবন্ধুর চেতনাকে হৃদয়ে লালন করি তারা ১৫ আগস্টের এই শোককে শক্তিতে পরিনত করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে এগিয়ে আসি এ হোক আমাদের অঙ্গীকার। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪ তম শাহাদাতবার্ষিকী, জাতীয় শোক দিবস ও শোকাবহ আগস্ট উপলক্ষে অদ্য ৭ আগস্ট ২০১৯ তারিখ বিকাল ৩ টায় বরিশাল বিশ্ববিদ্যালয় কর্মকর্তা কর্মচারী ঐক্য পরিষদের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা ও স্মরণানুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আগস্ট ট্রাজেডির শহীদ পরিবারের সন্তান ও বরিশাল সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ এ কথাগুলো বলেন। আলোচনা সভায় যোগদানের পূর্বে মাননীয় মেয়র মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অস্থায়ীভাবে স্থাপিত ছয় দফার ইতিহাস সম্বলিত বঙ্গবন্ধু স্মৃতিস্তম্ভের পাশে বৃক্ষরোপন কার্যক্রমে অংশ নেন। আলোচনা সভার শুরুতে উপস্থিত সবাই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের যে সকল সদস্য ১৫ আগস্ট শাহাদাত বরণ করেছেন তাঁদের স্মরণে দাড়িয়ে এক মিনিট নিরবতা পালন করেন। অনুষ্ঠানে প্রধান আলোচক ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এবং বিশেষ আলোচক ছিলেন বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। বরিশাল বিশ্ববিদ্যালয় কর্মকর্তা কর্মচারী ঐক্য পরিষদের আহবায়ক বাহাউদ্দীন গোলাপের সভাপতিত্বে শোকাবহ আগস্টের আলোচনা ও স্মরণানুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় মেয়র মহোদয়ের সহধর্মিনী লিপি আবদুল্লাহ, বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ ইউনুস, বিশিষ্ট সাংবাদিক ও সংস্কৃতিজন এ্যাড. এস এম ইকবাল ও সাংস্কৃতিক সংগঠন সমন্বয় পরিষদ বরিশাল এর সভাপতি শ্রী কাজল ঘোষ। অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের সম্মানিত ডিন, চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, প্রভোস্ট, পরিচালক, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থী, দপ্তরপ্রধানগণ, কর্মকর্তা, কর্মচারী, ছাত্রলীগ বরিশাল বিশ্ববিদ্যালয় ও কর্মকর্তা কর্মচারী ঐক্য পরিষদের যুগ্ম-আহবায়ক আবু মোঃ বশির, মোঃ নজরুল ইসলাম হাওলাদার, মোঃ জুয়েল মাহমুদ, মোঃ হারুনর রশীদ, মোঃ আরিফ হোসেন, শহাজাদা খানসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাবেক সভাপতি মোঃ আরিফ হোসেন, বর্তমান সাধারণ সম্পাদক মোঃ আবু জাফর মিয়া, অফিসার্স এ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি মোঃ হুমায়ুন কবীর, অফিসার্স এ্যাসোসিয়েশনের বর্তমান সাধারণ সম্পাদক মোঃ আতিকুর রহমান, বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ নেতা মহিউদ্দীন আহমেদ সিফাত, ছাত্রলীগ নেতা মোঃ আল আমিন, মোঃ লোকমান হোসেন, গ্রেড ১১-১৬ এর সাবেক সভাপতি মোঃ নাদিম মল্লিক, গ্রেড ১১-১৬ এর বর্তমান সাধারণ সম্পাদক বনী আমিন, গ্রেড ১৭-২০ এর সাবেক সভাপতি মোঃ পারভেজ ও ইলিয়াস কাঞ্চন। আলোচনা ও স্মরণানুষ্ঠানটি সঞ্চালনা করেন বরিশাল বিশ্ববিদ্যালয় কর্মকর্তা কর্মচারী ঐক্য পরিষদের অন্যতম সদস্য সৈয়দা ফাতেমা মততাজ মলি।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে


উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস